



## চাটার রিভিশন কমিশনের প্রাথমিক সাধারণ সভা

বৃহস্পতিবার, 4 জুন, 2026, বিকাল 5টা

ল্যান্ডমার্কস প্রিজারভেশন কমিশন পাবলিক হিয়ারিং রুম (গণশুনানি কক্ষ)  
253 Broadway, 2<sup>nd</sup> Floor, New York, NY 10007

ভবনে প্রবেশের জন্য অনুগ্রহ করে সরকার-অনুমোদিত একটি পরিচয়পত্র সাথে নিয়ে আসুন।

### সাধারণ সভার নোটিশ

নিউ ইয়র্ক সিটি চাটার রিভিশন কমিশন আগামী বৃহস্পতিবার, 4 জুন, 2026, বিকাল 5টায় তাদের প্রাথমিক সাধারণ সভা আয়োজন করবে। সভাটি 253 Broadway, 2nd Floor, New York, NY 10007-এ অবস্থিত ল্যান্ডমার্কস প্রিজারভেশন কমিশনের পাবলিক হিয়ারিং রুমে অনুষ্ঠিত হবে। ভবনে প্রবেশের জন্য সরকার-অনুমোদিত পরিচয়পত্র থাকা আবশ্যিক।

আগামী 3 নভেম্বর, 2026-এর সাধারণ নির্বাচনে ভোটারদের সামনে উপস্থাপনের জন্য অথবা আইন অনুযায়ী নির্ধারিত অন্য কোনো নির্বাচনের তারিখে পেশ করার লক্ষ্যে নিউ ইয়র্ক সিটি চাটারের সংশোধন বা পরিমার্জন বিবেচনা করার ক্ষমতা এই কমিশনকে দেওয়া হয়েছে।

**এই সভাটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত।** যেহেতু এটি একটি সাধারণ সভা এবং কোনো গণশুনানি নয়, তাই সর্বসাধারণের কেবল কমিশনের আলোচনা পর্যবেক্ষণ করার সুযোগ থাকবে, তবে এর সামনে কোনো সাক্ষ্য বা মতামত দেওয়ার সুযোগ থাকবে না।

সকল গণশুনানি এবং সভা কমিশনের ওয়েবসাইটে সরাসরি সম্প্রচার করা হবে, [www.nyc.gov/charter](http://www.nyc.gov/charter).

**সভাটি পর্যবেক্ষণ করার জন্য আমার যদি কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে কী করতে হবে?**

এই স্থানটি হুইলচেয়ার বা অন্যান্য চলাচলের ডিভাইস ব্যবহারকারী ব্যক্তিদের যাতায়াতের জন্য সুগম। অগ্রিম নোটিশ বা তথ্যের মাধ্যমে, আমেরিকান সাইন ল্যান্ডস্কেপ (ইশারা ভাষা) দোভাষী এবং অনুবাদ সেবা পাওয়া যাবে। ভাষা অনুবাদ বা অতিরিক্ত প্রবেশগম্যতার জন্য অনুরোধ অবশ্যই আগামী 3 জুন, 2026, বুধবার বিকাল 5:00 টার মধ্যে কমিশনকে এই ইমেইলে জানাতে হবে: [charterinfo@citycharter.nyc.gov](mailto:charterinfo@citycharter.nyc.gov) অথবা 212-788-0014 নম্বরে ফোন করতে হবে। যতটুকু সম্ভব সকল অনুরোধ রক্ষা বা পূরণ করার চেষ্টা করা হবে।

নিউ ইয়র্ক সিটি চাটার রিভিশন কমিশন সম্পর্কে আরো জানতে [www.nyc.gov/charter](http://www.nyc.gov/charter) ওয়েবসাইটটি ভিজিট করুন।